# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮৪১

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِىْ

## আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «قَفْلَةٌ كغزوة» . رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

৩৮৪১-[৫৪] ’আব্দুল্লাহ ইবনু ’আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুজাহিদের (জিহাদ শেষে স্বীয়) ঘরে ফিরে আসাও জিহাদের সমতুল্য। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ২৪৮৭, মুসনাদ আহমাদ ৬৬২৫, সহীহ আল জামি‘ ৪৩৯৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে জিহাদের ফযীলত বর্ণনা করতে গিয়ে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্পষ্ট করে দিয়েছেন যে, যুদ্ধের ময়দান থেকে ফিরে আসাটাও যেন আল্লাহর রাস্তায় জিহাদের মতই।

قَفْلَةٌ (কফলাহ্) শব্দের অর্থ হলো (যুদ্ধের) সফর থেকে ফিরে আসা। (‘আওনুল মা‘বূদ ৫ম খন্ড, হাঃ ২৪৮৪)

নিহায়াহ্ গ্রন্থের ভাষ্য অনুযায়ী যুদ্ধের ময়দান থেকে ফিরে আসাটাও যুদ্ধের অন্তর্ভুক্ত। এর কয়েকটি দিক রয়েছে।

১. মুজাহিদ ব্যক্তির জিহাদের ময়দান থেকে পরিবারের নিকট ফিরে আসাটাও জিহাদের অন্তর্ভুক্ত হওয়ার কারণ হলো, এতে তার অন্তর পরিতৃপ্ত হয়, তার ভিতরে শক্তি তৈরি হয় এবং তার পরিবারের নিকট ফিরে এলে তাদের জন্য হিফাযাতকারী হয়। এর দৃষ্টান্ত হলো একজন হাজী হজে/হজ্জের সফরে যাওয়া এবং সফর থেকে ফিরে আসা পর্যন্ত আল্লাহর জিম্মায় থাকে।

২. শত্রুদের সাথে সাক্ষাৎ না করে এবং ময়দানে উপস্থিত না হয়েই মুজাহিদ ফিরে আসে। তার এরূপ পলায়নের কারণ দু’টি হতে পারে। এক. তাকে ময়দানে দেখে শত্রু ভয়ে পলায়ন না করে; বরং শত্রু তাদের দলের সাথে মিলিত হলে পরে সুযোগ বুঝে তাদের ওপর আক্রমণ করে। সে মূলত এ কৌশল অবলম্বনের জন্যই পলায়ন করে। দুই. নিজে পলায়ন করে নিরাপদ স্থানে আসার পর শত্রু তাকে তাড়িয়ে আসলে তার ওপর আক্রমণ করে ধ্বংস করে দেয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69168

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন